"সরকারি খরচে বিরোধ শেষ
সবার আগে বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১২৯.২৩.০০৫.১৯.৫৬০

তারিখঃ ১০ বৈশাখ ১৪৩৩
২৩ এপ্রিল ২০২৬

**বিষয়: "জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৬" উপলক্ষ্যে টিভি স্ক্রলে প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর অসহায়, হতদরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগণকে সরকারি খরচে আইনগত সহায়তা প্রদান করে। দরিদ্র ও নিঃস্ব মানুষকে সরকারি আইনি সেবা বিষয়ে সচেতন করার লক্ষ্যে প্রতি বছর ২৮ এপিল 'জাতীয় আইনগত সহায়তা দিবস' পালন করা হয়।

২। সরকারি আইনি সহায়তা কার্যক্রম বর্তমান সরকারের একটি অগ্রাধিকারভিত্তিক গুরুত্বপূর্ণ কার্যক্রম এবং এ সম্পর্কে জনগণকে সচেতন করা জরুরি। এ প্রেক্ষিতে জনগণের মধ্যে সচেতনতা তৈরির লক্ষ্যে সরকারি আইন সহায়তা কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত তথ্য সরকারি ও বেসরকারি চ্যানেলের টিভি স্ক্রলে প্রচারের জন্য অনুরোধ করা হলো:

**টিভি স্ক্রলে প্রচারের জন্য তথ্য:**

২৮ এপ্রিল জাতীয় আইনগত সহায়তা দিবস। দিবসটির প্রতিপাদ্য- "সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ"। আইনি পরামর্শ বা তথ্যসেবা পেতে ১৬৬৯৯ টোল ফ্রি নম্বরে কল করুন; প্রচারে: আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৩। এমতাবস্থায় উপরোক্ত তথ্যটি আগামী ২৮ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ দিনব্যাপী সরকারি ও সকল বেসরকারি টিভি চ্যানেলের টিভি স্ক্রলে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সাইফুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫৭৪২
section5@lawjusticediv.gov.bd

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
২। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪। যুগ্মসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৫। উপসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮। অফিস কপি।